

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[শুল্ক]

বিশেষ আদেশ

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ /১৪ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : **Container round Use for EPZ Companies সম্পর্কিত প্রমিত কর্মপদ্ধতি
(Standard Operating Procedure)।**

নং ০৫৯/২০২০/শুল্ক/২২১।—যেহেতু ইপিজেডস্থ প্রতিষ্ঠান বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামালসমূহ কন্টেইনারে পরিবহণ করতঃ ইপিজেডের অভ্যন্তরে খালাস করে পুনরায় শিপিং এজেন্ট কর্তৃক নির্ধারিত Location/Dep/বন্দর/Container Freight Station এ খালি কন্টেইনার নিয়ে আসে ;

এবং যেহেতু নির্ধারিত Location/Depo/বন্দর/CFS বন্দরে কন্টেইনার নিয়ে আসার পর রপ্তানি পণ্য বোঝাই এর জন্য পুনরায় শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডারকে এই কন্টেইনারগুলো সংশ্লিষ্ট ইপিজেডে খালি অবস্থায় প্রেরণ করে রপ্তানিতব্য তৈরিকৃত পণ্য কন্টেইনারে বোঝাই করে বন্দর/ডিপোতে প্রেরণ করতে হয় ;

এবং যেহেতু অতিরিক্ত যাতায়াতের খরচ ও সময়ের যে অপচয় হয় তা নিরসন করা সমীচীন ;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে Container Round Use for EPZ Companies এর বিষয়ে নিম্নরূপ Standard Operating Procedure (SOP) প্রণয়ন করা হলো :

১. ইপিজেডস্থ যে সকল প্রতিষ্ঠান কর্তৃক FCL/LCL কন্টেইনারে পণ্য রপ্তানি করা হবে, সে সকল প্রতিষ্ঠানকে কন্টেইনারে পণ্য পরিবহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার হতে অন-লাইনে শিপিং অর্ডার নিতে হবে ;

(১১৩৭৯)

মূল্য : টাকা ৪.০০

২. রপ্তানিকারকদেরকে প্রতি ক্ষেত্রে সেন্স কন্ট্রোল/এক্সপোর্ট অর্ডার/এলসি, বেপজা কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদিত এক্সপোর্ট পারমিট (ইপি) এবং রিক্স বন্ডের কপিসহ সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট (০২) দুই কার্যদিবস পূর্বে একটি আবেদনপত্র দাখিল করতে হবে ;
৩. ইপিজেডসহ সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এমন কর্মকর্তা প্রতিষ্ঠানের উক্ত আবেদন-পত্রের সাথে প্রাপ্ত দলিলাদি এবং অন-লাইনে দাখিলকৃত শিপিং অর্ডার যাচাই করবেন ;
৪. রপ্তানিতব্য তৈরীকৃত পণ্য কন্টেইনারে বোঝাই করার সময় ইপিজেডসহ কাস্টমস দপ্তর প্রধান, সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এমন একজন কর্মকর্তা কর্তৃক বিধি মোতাবেক কায়িক পরীক্ষা করাবেন। অতঃপর কায়িক পরীক্ষাকারী কর্মকর্তা পণ্য বোঝাইকৃত কন্টেইনারটি GPS tracking System সহ Electronic Seal (কন্টেইনার নম্বর ও সিল নম্বর উল্লেখপূর্বক) করে দিবেন। তবে GPS tracking System সহ Electronic Seal চালু না হওয়া পর্যন্ত বিদ্যমান বুলেট সীল প্রদান করবেন ;
৫. সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত আউট পাস প্রদানকারী সহকারী রাজস্ব কর্মকর্তা কায়িক পরীক্ষা প্রতিবেদন এবং কন্টেইনার নম্বর ও সিল নম্বর মিলিয়ে দেখে পরিশিষ্ট-১ অনুযায়ী আউট পাস প্রদান করবেন ;
৬. ইপিজেডে দায়িত্বপ্রাপ্ত আউট পাস প্রদানকারী কাস্টমস কর্মকর্তা রপ্তানিতব্য তৈরীকৃত পণ্য আউট পাসের জন্য কন্টেইনার নম্বরসহ প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক একটি পৃথক রেজিস্টার সংরক্ষণ করবেন ;
৭. সংশ্লিষ্ট কাস্টম হাউস/শুল্ক স্টেশন/বন্ডের দায়িত্বপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এমন কর্মকর্তা রপ্তানিতব্য পণ্যের কায়িক পরীক্ষা বিধি মোতাবেক সম্পাদন করবেন ;
৮. ইপিজেডসহ প্রতিষ্ঠানে কন্টেইনারযোগে কাঁচামাল আনতঃ শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক শিপিং অর্ডার প্রদানের পর উল্লিখিত কন্টেইনারের মাধ্যমে যথা সময়ে রপ্তানিকারকের পণ্যচালান রপ্তানি করতে ব্যর্থ হলে, ভিন্ন শিপিং অর্ডারের মাধ্যমেও একই বা ভিন্ন প্রতিষ্ঠানের ক্ষেত্রে Container Round Use সুবিধা প্রযোজ্য হবে ;
৯. প্রতিষ্ঠানের বার্ষিক নিরীক্ষায় Round use এর তথ্য সন্নিবেশ ও সমন্বয় করতে হবে ;
১০. ইপিজেডসহ প্রতিষ্ঠান এই SOP এর কোনো বিধান লঙ্ঘন বা অপব্যবহার করলে তার বিরুদ্ধে The customs Act, 1969 এর সংশ্লিষ্ট ধারায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশিষ্ট-১

Out Pass

Out Pass No. :

Date :

রাজস্ব কর্মকর্তা ইপিজেড কাস্টমস এর নির্দেশক্রমে রপ্তানিকারক এর ঘোষণা ও কায়িক পরীক্ষার প্রতিবেদন মোতাবেক আউটপাস প্রদান করা হলো।

Factory Name			
Factory Address			
Buyer Name			
Buyer Address			
LC/Sales Contract/Purchase Order No.		Date	
Invoice		Date	
Value			
Quantity			
Exported Goods Description			
Exp. No.		Date	
EP No.		Date	
Container & Seal No.			

পণ্য চালানসমূহ ইপিজেড হতে নং কন্টেইনারযোগে ঢাকা বিমানবন্দর/চট্টগ্রাম পোর্টের পথে রপ্তানি করা হবে। ইপিজেড কাস্টমস রেজিস্ট্রেশন না হওয়ায় যাবতীয় কাস্টমস আনুষ্ঠানিকতা ঢাকা/চট্টগ্রাম হাউসে সম্পন্ন করা হবে। পণ্য চালানসমূহ শিপমেন্ট হওয়ার পরে শিপিং বিলের এক কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ফরিদা ইয়াসমীন

দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)।